গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০।
hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/২৪০৪(৭১২)/১৫০০ তারিখ: ২২.০৭.২০২০ খ্রি.

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় মাধ্যমিক পর্যায়ের ২০২০ সালে ভর্তিকৃত ৬ষ্ঠ ও ৯ম শ্রেণির উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীর হার ও নির্বাচন পদ্ধতি নির্ধারণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতাভুক্ত সমন্বিত উপবৃত্তি কর্মসূচির কার্যক্রম ২০১৯-২০২০ অর্থ বছরে শুরু হয়েছে। এ কর্মসূচির আওতায় ৬ষ্ঠ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীর বেতন মওকুফ, উপবৃত্তি প্রদান ও অন্যান্য সুবিধাদির হার নির্ধারিত থাকলেও শিক্ষার্থী নির্বাচনের শর্তাবলী ও বাছাই পদ্ধতি অনুমোদিত অপরেশনাল ম্যানুয়াল অনুসরণের বিষয়ে প্রোগ্রাম ডকুমেন্টে উল্লেখ রয়েছে। কিন্তু উক্ত ম্যানুয়াল প্রস্তুত ও অনুমোদন, মাঠ পর্যায়ে প্রেরণ অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি, তালিকা প্রক্রিয়াকরণ ইত্যাদি কাজ সময় সাপেক্ষ বিধায় এ অর্থবছরে উপবৃত্তি কর্মসূচি বাস্তবায়নের জন্য অপারেশন ম্যানুয়াল চূড়ান্ত না হওয়া পর্যন্ত উপবৃত্তি কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৮১.৪৩.০০১.১৮.১০১ তারিখ: ২৩/০৪/২০২০ এর মাধ্যমে জারিকৃত নীতিমালার আলোকে শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি নির্ধারণ করা হলো।

২। কর্মসূচি এলাকা : মেট্রোপলিটন ও জেলা সদরের পৌর এলাকা ব্যতিত দেশের অন্যান্য ভৌগোলিক এলাকার সাধারণ বিদ্যালয় ও মাদ্রাসা। ৩টি পার্বত্য জেলা সদরের পৌর এলাকাসমূহ উপবৃত্তির আওতাভুক্ত থাকবে।

৩। **দরিদ্রতার ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি :** ৩১ জানুয়ারি ২০২০ সালে শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারন বিদ্যালয় ও মাদ্রাসা) ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তিকৃত মোট ছাত্রের ২০% এবং মোট ছাত্রীর ৪০% হারে সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচন করে উপবৃত্তি বিতরণ করতে হবে। সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে অপেক্ষাকৃত দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মধ্য হতে Poverty Criteria অনুসারে বাছাই করতে হবে। তবে অনগ্রসর এবং সুবিধাবঞ্চিত নিম্নবর্ণিত ৪২টি উপজেলার মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ১০০% শিক্ষার্থী (উপজেলার স্থায়ী নাগরিকের সন্তান ও চাকুরীজীবি) এই কর্মসূচির সুবিধাভোগী হবে।

| বিভাগ | জেলা | ক্রমিক নং | উপজেলা |
|---|---|---|---|
| চট্টগ্রাম | বান্দরবান | ১. | আলীকদম |
| | | ২. | বান্দরবান সদর |
| | | ৩. | লামা |
| | | ৪. | নাইক্ষ্যংছড়ি |
| | | ৫. | রোয়াংছড়ি |
| | | ৬. | রুমা |
| | | ৭. | থানচি |
| | খাগড়াছড়ি | ৮. | দিঘীনালা |
| | | ৯. | লক্ষীছড়ি |
| | | ১০. | মহালছড়ি |
| | | ১১. | মানিকছড়ি |
| | | ১২. | মাটিরাঙ্গা |
| | | ১৩. | পানছড়ি |
| | | ১৪. | খাগড়াছড়ি সদর |
| | | ১৫. | রামগড় |
| | | ১৬. | গুইমারি |

| | | | |
|---|---|---|---|
| | রাঙ্গামাটি | ১৭. | বাঘাইছড়ি |
| | | ১৮. | বরকল |
| | | ১৯. | বিলাইছড়ি |
| | | ২০. | জুরাইছড়ি |
| | | ২১. | কাউখালী |
| | | ২২. | লংগদু |
| | | ২৩. | নানিয়ারচর |
| | | ২৪. | রাজস্থলী |
| | | ২৫. | কাপ্তাই |
| | | ২৬. | রাঙ্গামাটি সদর |
| | চট্টগ্রাম | ২৭. | সন্দীপ |
| | কক্সবাজার | ২৮. | কুতুবদিয়া |
| | নোয়াখালী | ২৯. | হাতিয়া |
| ঢাকা | কিশোরগঞ্জ | ৩০. | ইটনা |
| | | ৩১. | মিঠামইন |
| | | ৩২. | অষ্টগ্রাম |
| ময়মনসিংহ | নেত্রকোনা | ৩৩. | খালিয়াজুরী |
| সিলেট | সুনামগঞ্জ | ৩৪. | দোয়ারাবাজার |
| | | ৩৫. | ধর্মপাশা |
| | | ৩৬. | শাল্লা |
| | হবিগঞ্জ | ৩৭. | আজমিরীগঞ্জ |
| রাজশাহী | সিরাজগঞ্জ | ৩৮. | চৌহালী |
| বরিশাল | পটুয়াখালী | ৩৯. | রাঙ্গাবালী |
| | ভোলা | ৪০. | মনপুরা |
| রংপুর | কুড়িগ্রাম | ৪১. | রৌমারী |
| | | ৪২. | চররাজিবপুর |

৪। **নতুন শিক্ষার্থীর অন্তর্ভুক্তি :** ৬ষ্ঠ শ্রেণি ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হতে আগত ৯ম শ্রেণিতে (প্রাপ্যতা সাপেক্ষে) ভর্তিকৃত শিক্ষার্থীরা উপবৃত্তির জন্য অন্তর্ভূক্ত হতে পারবে। অন্য কোন শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য অন্তর্ভূক্ত করা যাবে না।

৫। **সুবিধাদি :** বর্তমান সরকার সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় জুলাই ২০১৯ থেকে শ্রেণিভিত্তিক নিম্নোক্ত উন্নীত হার অনুযায়ী উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধা প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সুবিধাদি নিম্নরূপ:

| শ্রেণি | শ্রেণিভিত্তিক | | | বার্ষিক মোট টাকা |
|---|---|---|---|---|
| | উপবৃত্তি (মাসিক) | টিউশন ফি (মাসিক) | পরীক্ষার ফি (এককালীন) | |
| ৬ষ্ঠ | ২০০ | ৩৫ | -- | ২৮২০ |
| ৭ম | ২০০ | ৩৫ | -- | ২৮২০ |
| ৮ম | ২৫০ | ৩৫ | -- | ৩৪২০ |
| ৯ম | ৩০০ | ৫০ | -- | ৪২০০ |
| ১০ম | ৩০০ | ৫০ | ১০০০ | ৫২০০ |

৬। **টিউশন ফি মওকুফ:** সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি মওকুফ থাকবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে স্কিম ডকুমেন্ট মোতাবেক নির্ধারিত হারে টিউশন ফি ভর্তুকি প্রদান করা হবে। উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে কোনক্রমেই টিউশন ফি আদায় করা যাবে না।

৭। **উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচনের মানদন্ড :**

(ক) উপবৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য শিক্ষার্থীর পিতামাতা/ অভিভাবকের বার্ষিক আয় ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার কম হতে হবে;

(খ) উপবৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য শিক্ষার্থীর পিতামাতা/ অভিভাবক মেট্রোপলিটান এলাকায় ৫ শতাংশ, পৌর এলাকায় ১০ শতাংশ বা পল্লী এলাকায় হলে ৭৫ শতাংশের কম জমির মালিক হতে হবে;

(গ) পঙ্গু, প্রতিবন্ধী এবং এতিম শিক্ষার্থী, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান, রিক্সা/ভ্যান/ঠ্যালাগাড়ি চালকের সন্তান, দিনমজুরের সন্তান, নদীভাঙ্গন কবলিত/ বাস্তুহারা পরিবারের সন্তান,দুস্থ পরিবারের সন্তান, উপার্জনে অসমর্থ/বিকলাঙ্গ (যেমন-পঙ্গু, অন্ধ, বোবা প্রভৃতি) পিতামাতার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রাপ্তন ছিটমহলের বাসিন্দা এবং ৩য় লিঙ্গের শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

(ঘ) শিক্ষার্থীর শ্রেণি উপস্থিতি গড়ে ন্যূনতম ৭৫% থাকতে হবে;

(ঙ) শিক্ষার্থী এসএসসি/সমমান পরীক্ষায় অংশগ্রহণ করা পর্যন্ত অবিবাহিত থাকবে;

(চ) বার্ষিক পরীক্ষায় ৬ষ্ঠ-৭ম শ্রেণিতে ন্যূনতম গড়ে ৩৩%, ৮ম-৯ম শ্রেণিতে ন্যূনতম গড়ে ৪০% এবং ১০ম শ্রেণিতে নির্বাচনী পরীক্ষায় শিক্ষাবোর্ডের নিয়মানুসারে উত্তীর্ণ হয়ে পরীক্ষার ফরম পূরণ করতে হবে;

(ছ) ভর্তির পরে ৬ষ্ঠ-১০ম শ্রেণি পর্যন্ত বিরতিহীনভাবে অধ্যয়ন করতে হবে;

৮। উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন :

প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি প্রাপ্তি যোগ্য শিক্ষার্থী নির্বাচন করার জন্য কমিটি থাকবে। সরকারি ও বেসরকারি দুই ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে আলাদা আলাদা কমিটি থাকবে।

(ক) সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্তি যোগ্য শিক্ষার্থী নির্বাচন কমিটির গঠন হবে নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | সভাপতি |
| ২. | কর্মরত শিক্ষকদের মধ্য থেকে একজন শ্রেণি শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩. | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত একজন শিক্ষার্থী-অভিভাবক প্রতিনিধি | সদস্য |
| ৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৪. | স্থানীয় সরকারের ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের নির্বাচিত একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | শিক্ষক পরিষদের সম্পাদক | সদস্য-সচিব |

(খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্তি যোগ্য শিক্ষার্থী নির্বাচন কমিটির গঠন হবে নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি | সভাপতি |
| ২. | এম.সি/জি.বি-র শিক্ষক প্রতিনিধিদের মধ্য থেকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত একজন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩. | অভিভাবক প্রতিনিধিদের মধ্য থেকে শিক্ষা প্রতিষ্ঠন প্রধান কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৪. | স্থানীয় সরকারের ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের নির্বাচিত একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | সদস্য-সচিব |

৯। নতুন প্রতিষ্ঠান অন্তর্ভুক্তি: নতুন কোন প্রতিষ্ঠান শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি বা স্বীকৃতি পেলে উক্ত প্রতিষ্ঠান সমন্বিত উপবৃত্তি কর্মসূচির অন্তর্ভুক্ত হতে পারবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির অনুমোদন গ্রহণ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় কাগজপত্রসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে স্কিম পরিচালক বরাবর আবেদন করতে হবে। এক্ষেত্রে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করে এককপি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে জমা দিতে হবে।

১০। উপবৃত্তির সুবিধাভোগী চূড়ান্ত করার ক্ষেত্রে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য মোট প্রাপ্যতা ও ছাত্র-ছাত্রী অনুপাত অতিক্রম করা যাবে না। শতকরা হার অনুযায়ী নির্ধারিত সংখ্যা ভগ্নাংশ হলে ০.৫ বা এর অধিক ভগ্নাংশ মানকে পরবর্তী পূর্ণ সংখ্যায় রূপান্তর করা যাবে।

১১। ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণিতে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীগন ইতোপূর্বে এতদসংক্রান্ত শর্ত প্রতিপালন করলে কেবল পুনঃপৌনিক সুবিধাভোগী (Repeated Beneficiary) হিসেবে ২০২০ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট প্রযোজ্য উচ্চতর শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচিত হবে।

১২। লিপিবদ্ধ তথ্যাবলী নির্ভুল আছে এরূপ নিশ্চিত হয়েই প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। পরবর্তীতে সংশোধন করার কোন সুযোগ থাকবে না। অসত্য বা ভুল তথ্য প্রদানের কারণে প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন। অসত্য বা ভুল তথ্যের কারণে অতিরিক্ত অর্থ বিতরণ করা হলে সে অর্থ সরকারি কোষাগারে ফেরৎ দিতে প্রতিষ্ঠান প্রধান বাধ্য থাকবেন এবং এজন্য তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। **উপকারভোগী নির্বাচন ও তথ্য প্রেরণ:** উপবৃত্তি বিতরণের লক্ষ্যে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের জন্য স্কিম দপ্তর হতে বিজ্ঞপ্তি প্রকাশের পর নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান স্কিম দপ্তরের নির্দেশনা মোতাবেক উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহবান করবেন। আবেদন গ্রহণের পর তা যাচাই করে কমিটির মাধ্যমে উপবৃত্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উপবৃত্তি প্রাপ্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন কমিটি প্রাথমিক খসড়া তালিকা প্রণয়ন করে তা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে ০৭ (সাত) কার্যদিবসের জন্য প্রদর্শন করবে। উক্ত সময়ের মধ্যে নোটিশ বোর্ডে প্রদর্শিত তালিকার বিষয়ে কোন আপত্তি বা সংশোধনী থাকলে তা নিষ্পত্তি করে সংশোধিত তালিকা অনুমোদন করবেন। চূড়ান্ত তালিকা প্রস্তুতের পর মূলকপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে এবং ফটোকপি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। উক্ত তালিকা স্কিম দপ্তরে প্রেরণ করার প্রয়োজন নাই।

১৪। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগামী ৩১/০৮/২০২০ইং তারিখের মধ্যে উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর তালিকা চূড়ান্ত করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট জমা দিবে। স্কিমের কেন্দ্রীয় কার্যলায়ে কোন হার্ড কপি প্রেরণের প্রয়োজনীয়তা নেই।

১৫। **একাউন্ট খোলা ও তথ্য এন্ট্রি :** উপবৃত্তির যোগ্য শিক্ষার্থীদের উপবৃত্তি ও অন্যান্য সুবিধাদির অর্থ শিক্ষার্থীর অনলাইন একাউন্টে G2P পদ্ধতির মাধ্যমে প্রেরণ করা হবে। যোগ্য শিক্ষার্থীদের অনলাইন একাউন্ট খোলা, HSP MIS সফটওয়ারে শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির বিষয়ে পরবর্তীতে নির্দেশনা প্রদান করা হবে। উক্ত সফটওয়ারে তথ্য এন্ট্রির জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের আলাদা আলাদা User ID ও Password শীঘ্রই প্রেরণ করা হবে।

১৬। বর্ণিত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তি সংক্রান্ত যোগাযোগ hsp.sstipend@gmail.com মেইলে করার জন্য অনুরোধ করা হলো।

২৭/০৭/২০২০

(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
ফোন: ০২-৯৫৬৩৪১২

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা..................................................
জেলা......................................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা.................................. জেলা..................................................।
০৭। জেলা শিক্ষা অফিসার, জেলা....................................................
০৮। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার, ..........................................।
০৯। সংরক্ষণ নথি।

২৭/০৭/২০২০

(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা
ফোন: ০২-৯৫৬৫৯৫৯